



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

প্রধান শিক্ষকের কার্যালয়

আতাতুর্ক সরকারি মডেল হাই স্কুল

দাগনভূঞা, ফেনী।

EIIN : 106512

School Code : 6800

web: www.ataturkschool.edu.bd, E-mail: ataturkdagonbhuiyan@gmail.com, ফোন: ০২৩৩৪৪৭৫৬০১

স্মারক নং-আতা/২০২৫/৩০

তারিখ: ৩১/০৭/২০২৫ খ্রি।

নিলাম বিজ্ঞপ্তি

এতদ্বারা শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৭.০২.০০০০.১০৬.৪৭.০০৯.২৫.১১০২ তারিখ: ২৭/০৭/২০২৫ খ্রি. মোতাবেক সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আতাতুর্ক সরকারি মডেল হাই স্কুলের পুরাতন বেঞ্চ ১০০ (একশত) জোড়া, পুরাতন জানালার গ্রীল ও শার্টার আনুমানিক ০২ (দুই) টন এবং পুরাতন বৈদ্যুতিক পাখা ৪০ (চল্লিশ) খানা সহ যাবতীয় মালামাল নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী ঠিকাদার/ ঠিকাদারী প্রতিষ্ঠানের নিকট হতে সীল মোহরকৃত খামে নিলাম দরপত্র আহ্বান করা যাচ্ছে।

ক) নিলাম দরপত্র সিডিউল বিক্রয়ের তারিখ, সময় ও স্থান	০৩/০৮/২০২৫ খ্রি. থেকে ১০/০৮/২০২৫ খ্রি. অফিস চলাকালীন সময় পর্যন্ত, প্রধান শিক্ষকের কার্যালয়, আতাতুর্ক সরকারি মডেল হাই স্কুল, দাগনভূঞা, ফেনী।
খ) নিলাম দরপত্র জমাদানের শেষ তারিখ ও সময়	১০/০৮/২০২৫ খ্রি. বিকাল ৪:০০ ঘটিকা।
গ) নিলাম দরপত্র খোলার তারিখ, সময় ও স্থান	১১/০৮/২০২৫ খ্রি. দুপুর ১২:০০ টা (উপস্থিত দরপত্রদাতাদের সম্মুখে খোলা হবে যদি কেউ উপস্থিত থাকেন)। প্রধান শিক্ষকের কার্যালয়, আতাতুর্ক সরকারি মডেল হাই স্কুল, দাগনভূঞা, ফেনী।
ঘ) নিলাম দরপত্র সিডিউলের মূল্য	৫০০/- (পাঁচশত টাকা) অফেরত যোগ্য।
ঙ) নিলাম দরপত্রের সাথে দাখিলকৃত কাগজপত্র	৫০% টাকা পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট, প্রধান শিক্ষকের কার্যালয়, আতাতুর্ক সরকারি মডেল হাই স্কুল, দাগনভূঞা, ফেনী বরাবর দাখিল করতে হবে।
চ) নিলাম দরপত্রের সিডিউল যে স্থান থেকে পাওয়া যাবে এবং জমা দেওয়া হবে	আতাতুর্ক সরকারি মডেল হাই স্কুল, দাগনভূঞা, ফেনী।

শর্তাবলী

- ১। নিলাম দরপত্র দাতা/ দাতাগণের হালনাগাদ ট্রেড লাইসেন্স, ভ্যাট-নিবন্ধন সনদপত্র, টিন সার্টিফিকেট ও জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে।
- ২। নিলামদাতা/ দাতাগণকে নিলাম দরপত্র সিডিউলের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে, যা চুক্তিপত্র হিসেবে গণ্য করা হবে এবং তা নিলাম দরপত্রদাতা/ দাতাগণের উপর আরোপিত হবে।
- ৩। সর্বোচ্চ দরদাতা কৃতকার্য দরদাতা হিসেবে বিবেচিত হবে।
- ৪। কৃতকার্য দরদাতাকে দাখিলকৃত দরের অবশিষ্ট ৫০% টাকা কার্যাদেশ প্রাপ্তির ০২ (দুই) দিনের মধ্যে পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট এর মাধ্যমে প্রধান শিক্ষক, আতাতুর্ক সরকারি মডেল হাই স্কুলের নিকট জমা দিতে হবে।
- ৫। দরদাতাদের দরপত্র মূল্যের উপর সরকারি বিধি মোতাবেক ভ্যাট সরকারি কোষাগারে জমা দিয়ে চালানের কপি জমা সাপেক্ষে মালামাল গ্রহণ করতে হবে।
- ৬। নিলাম দরপত্রদাতা/ ঠিকাদারী প্রতিষ্ঠানকে দরপত্র তফসিলের নির্ধারিত স্থানে উদ্ধৃত দর অংকে ও কথায় সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে, অন্যথায় দরপত্র গ্রহণযোগ্য হবে না। স্বাক্ষর বিহীন, কাটাকাটি, ওভাররাইটিং যুক্ত নিলাম দরপত্র গ্রহণযোগ্য হবে না।


৭। দুই বা ততোধিক নিলাম দর দাতার উদ্ধৃত দর একই হরে নিলামদাতাদের উপস্থিতিতে লটারির মাধ্যমে বিজয়ী নিলাম দরদাতা নির্ধারণ করা হবে।

৮। অতিবৃষ্টি, গরম, যানজট, ধর্মঘট, বিরূপ আবহাওয়া ইত্যাদি এরূপ কোন বিষয় নিলাম কার্য সম্পাদনের কারণ অজুহাত গ্রহণ করা হবে না।

৯। সর্বোচ্চ দরদাতা কার্যাদেশ প্রাপ্তির পর নির্ধারিত সময়ে কার্যক্রম সম্পাদনে ব্যর্থ হলে তার দরপত্র সিডিউল এর সাথে জমাকৃত পে-অর্ডারের/ ব্যাংক ড্রাফটের ২৫% অর্থ বাজেয়াপ্তসহ কার্যাদেশ বাতিল করা হবে। এবং দ্বিতীয়/ পরবর্তী সর্বোচ্চ দরদাতাকে কার্যাদেশ প্রদান করা হবে।

১০। কার্যাদেশ প্রাপ্ত ব্যক্তি/ প্রতিষ্ঠান ব্যতীত অন্যান্য দরদাতাদের দরপত্রের সাথে জমাকৃত পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট ফেরতযোগ্য।

১১। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ/ বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।


৩১/০৭/২০২৫

(মোঃ মিজানুর রহমান)
প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত)
আতাতুর্ক সরকারি মডেল হাই স্কুল
দাগনভূঞা, ফেনী।

বিতরণ (নিলাম বিজ্ঞপ্তিটি প্রচার করা/ ওয়েবসাইটে দেওয়ার জন্য অনুরোধ করা হলো):

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ২। জেলা প্রশাসক, ফেনী ও সভাপতি, স্থানীয় কনডেমনেশন কমিটি।

স্মারক নং-আতা/২০২৫/৩০

তারিখ: ৩১/০৭/২০২৫ খ্রি।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে দেয়া হলো:

- ১। উপজেলা নির্বাহী অফিসার, দাগনভূঞা, ফেনী।
- ২। নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, ফেনী।
- ৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, দাগনভূঞা, ফেনী।
- ৪। সংরক্ষণ নথি।

(মোঃ মিজানুর রহমান)
প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত)
আতাতুর্ক সরকারি মডেল হাই স্কুল
দাগনভূঞা, ফেনী।